দৈনিক বাখরগঞ্জ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 2

(89)

0 3

# মেডিক্যাল ছাত্রদের অটো ভেকেশন নেয়া অভ্যাসে দাঁড়িয়েছে : মুনএম

(বিশেষ সংবাদদাতা)

বরিশাল ও চট্টগ্রাম মেডিক্যাল কলেজের কয়েকশ ছাত্রছাত্রীর শিক্ষা জীবন সমাপ্ত হওয়ার

(শেষ পৃঃ ৮-এর কঃ পরে)

## মুনএম

(প্রথম পৃঃ পর)

আগেই তাতে ছেদ টানা হয়েছে বলে বিরোধী দলের নেতা জনাব রব স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রী জানান যে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তে সরকার হস্তক্ষেপ করবে না বা অন্য কোন সিদ্ধান্ত চাপিয়ে দেবে না।

স্বাস্থ্যমন্ত্রী মেজর জেনারেল এম মুনএম বলেন যে মেডিক্যাল কলেজ এর কিছু সংখ্যক ছাত্র-ছাত্রীর অটোভেকেশন নেয়া অর্থাৎ যখন খুশী ছুটিতে যাওয়া অভ্যাসে পরিণত হয়েছে। গত আগস্ট মাসে যখন কোন বন্যা ছিল না তখন বরিশাল মেডিক্যাল কলেজের কিছু ছাত্রছাত্রী অটো-ভেকেশনে যায়। একাডেমিক কাউন্সিল তাদের বৃত্তি বন্ধ করে দেয়। তারা পুনরায় ক্লাসে ফিরে আসে। সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে তারা পুনরায় অটো-ভেকেশনে যায়। এরপর বন্যা শুরু হয়। ছাত্রছাত্রীদের অভি-ভাবকরা ক্লাস বন্ধ না করার সুপারিশ করে। বরিশাল মেডি-ক্যাল কলেজ খোলা ছিল। প্রথম বর্ষের ছাত্রছাত্রীরা চিকিৎসা সম্পর্কে কিছুই জানে না, কাজেই বন্যায় ত্রাণ কাজে অংশ নেয়ার কোন প্রশ্নই ওঠে না। একাডেমিক কাউন্সিল তাদের দুশ টাকা করে জরিমানা করে এবং ২৪শে সেপ্টেম্বর ক্লাসে যোগ দিতে বলে। তারা এই নির্দেশ মানেনি। এর পর ১২ই অক্টোবর কাউন্সিল সিদ্ধান্ত নেয় যে এদের ক্লাস করতে দেয়া যাবে না। চট্টগ্রামেও অনুরূপ ঘটনা ঘটতে যাচ্ছে। এদের শুরুতেই প্রশ্রয় দিলে ভবিষ্যতে সামাল দেয়া যাবে না। তাই সরকার একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন কিছু করবে না।